35

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 JAN 1996 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... 2 ...

খুলনা বিশ্ববিদ্যালয়ে ভর্তি

# আবেদনপত্র ৮ হাজার ॥ আসন আড়াইশ'

**অমল সাহা**, *খুলনা অফিস*

খুলনা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য প্রায় ৮ হাজার আবেদনপত্র জমা পড়েছে। ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে ৭টি ডিসিপ্লিনে এই বিশ্ববিদ্যালয়ে মোট ২৫০ জন ছাত্রছাত্রী ভর্তি করা হবে। এ হিসাবে প্রতিটি আসনের জন্য গড় আবেদনকারীর সংখ্যা ৩২ জন।

জানা গেছে, খুলনা বিশ্ববিদ্যালয় সন্ত্রাস ও সেশনজটমুক্ত হওয়ায় দেশের বিভিন্ন স্থান থেকে ৭ হাজার ৯৮২ জন ছাত্রছাত্রী এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করেছে। এটি খুলনা বিশ্ববিদ্যালয়ের জন্য একটি নজিরবিহীন ঘটনা। প্রতিষ্ঠার পর এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ইতোপূর্বে এত বিপুলসংখ্যক দরখাস্ত কখনও জমা পড়েনি। এবার রেকর্ডসংখ্যক দরখাস্ত জমা পড়লেও ভর্তির শর্ত পূরণ না হওয়ায় কর্তৃপক্ষ ৩ হাজার ৬৬১টি আবেদনপত্র বাতিল করেছেন। বাকি ৪ হাজার ৩২১ জন আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, আবেদনকারী ছাত্রছাত্রীদের মধ্যে এইচএসসি পরীক্ষায় রসায়ন, পদার্থ ও গণিত— এ তিন বিষয়ে যারা কমপক্ষে ৪৩৭ নম্বর পেয়েছে তারা কম্পিউটার সায়েন্সে, জীববিজ্ঞান, পদার্থ, রসায়ন ও গণিতে, যারা ন্যূনতম ৫৪১ নম্বর পেয়েছে তারা ফরেস্ট্রি, মেরিন বায়োলজি, বায়োটেকনোলজি ও এগ্রোটেকনোলজিতে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১০০০ নম্বরের মধ্যে যারা কমপক্ষে ৬৫৬ নম্বর পেয়েছে তারা ব্যবসায় প্রশাসন (বিবিএ)-এ ভর্তি পরীক্ষার সুযোগ পাবে। নগর ও গ্রামীণ পরিকল্পনা এবং স্থাপত্য ডিসিপ্লিনে ভর্তির জন্য আবেদনপত্র ফরম জমা পড়ায় এ দু'টি বিভাগের সকল দরখাস্তকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়েছে।

সূত্রটি জানায়, কম্পিউটার সায়েন্সে নির্ধারিত ৩০ আসনের জন্য ১ হাজার ১১ জন, ফরেস্ট্রি, মেরিন বায়োলজি, বায়োটেকনোলজি ও এগ্রোটেকনোলজি ডিসিপ্লিনের প্রত্যেকটিতে ৩০টি করে মোট ১২০টি আসনের জন্য ১ হাজার ২০৭ জন, বিবিএ-র ৪০টি আসনের জন্য ১ হাজার ১৬ জন, নগর ও গ্রামীণ পরিকল্পনা এবং স্থাপত্য ডিসিপ্লিনে ২০টি করে মোট ৪০টি আসনের জন্য ১ হাজার ৮৭ জন আবেদনকারীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হয়েছে। আগামী ১৩, ১৪ ও ১৫ জানুয়ারি এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।